


উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ০৬/০৮/২০২০ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

মেয়র, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষে পৌরসভা কর্তৃক ১৪/১২/২০২০ইং তারিখ অফিস ভবন ও প্রধান প্রধান সড়কে রঙ্গীন পতাকা স্থাপন এবং শহরের প্রধান প্রধান সড়কে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি সম্বলিত ফেষ্টন স্থাপনসহ আলোকসজ্জা করতে হবে। তাছাড়া প্রতিবছর পৌরসভা বনাম জেলা প্রশাসনের মধ্যে মেহেরপুর স্টেডিয়ামে সৌখিন ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে এবং অত্র পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীগনকে ৬.৩০ ঘটিকার সময় কলেজ মোড় ও সকাল ৭.০০ ঘটিকার সময় জেলা পরিষদ প্রাঙ্গনে শহীদ স্মৃতিসৌধে শহীদ বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানানোর জন্য শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করা হবে। এজন্য কলেজ মোড় স্মৃতিসৌধটি পরিষ্কার পরিচ্ছন্ন করা সহ রং করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনান্তে দিবসটি সুষ্ঠু ও উৎসব মুখর পরিবেশে উদযাপনের লক্ষে অত্র পৌরসভার নব্বাকার জনাব মো মাসুদ রানা ও স্টোর কিপার জনাব মোঃ জাহিরুল ইসলামকে দায়িত্ব অর্পণ করা হলো।

সভাপতি মহোদয় পৌর তথ্য সেবা কেন্দ্রে নিয়োজিত কর্মচারীর নিকট কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, ১ ডিসেম্বর-২০২০খ্রিঃ তারিখ হতে নতুনভাবে কম্পিউটার প্রশিক্ষনের ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে এবং আগামী ১ জানুয়ারী ২০২১খ্রিঃ তারিখ হতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের প্রশিক্ষন প্রদান করা হবে।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১২/১২/২০
(সৈয়দ মনজুরুল কবির)
কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
ও সভাপতি
তথ্য সংস্কৃতি কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। মেয়র, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৩। জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৪। জনাব মোঃ শাহিনুর রহমান, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।




মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।
পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ০৭/১২/২০২০খ্রিঃ

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	 ৭/১২/২০
০২	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	
০৩	জনাব মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	 ৭/১২/২০
০৪	জনাব মোঃ শাহিনুর রহমান	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	 ৭/১২/২০